

সমকাল

এইচএসসি পরীক্ষা ভুল প্রশ্ন পাওয়া পরীক্ষার্থীদের খাতা আলাদা মূল্যায়ন

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

চলমান এইচএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে 'ভুল প্রশ্ন' পাওয়া শিক্ষার্থীদের খাতা আলাদাভাবে মূল্যায়ন করা হবে। শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের গতকাল মঙ্গলবার এ নির্দেশ দেওয়া হয়েছে। গত সোমবার শুরু হওয়া ২০১৯ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে বাংলা প্রথমপত্র বিষয়ের পরীক্ষায় দেশের বিভিন্ন স্থানে নিয়মিত শিক্ষার্থীদের মাঝে ২০১৬ সালের পুরনো সিলেবাসের অনিয়মিত শিক্ষার্থীদের প্রশ্নপত্র বিলানো হয়। কোনো কোনো ক্ষেত্রে ভুল ধরা পড়ার পর আগের প্রশ্ন বদলিয়ে নতুন প্রশ্নপত্র বিতরণ করা হয়।

এ ঘটনা জানার সঙ্গে সঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন এসব পরীক্ষার্থীর খাতা আলাদা করে রাখতে বোর্ড চেয়ারম্যানদের নির্দেশ দেন।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, মন্ত্রণালয়ের নির্দেশে ইতিমধ্যে এসব পরীক্ষা কেন্দ্রের খাতা পৃথকভাবে সংরক্ষণ করা হয়েছে। যেখানে ভুল প্রশ্ন বিতরণ করা হয়েছে, সেখানে ওই প্রশ্নপত্রের আলোকে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। যেখানে পরে বদলিয়ে নতুন প্রশ্ন দেওয়া হয়েছে, সেখানে নতুন প্রশ্নের আলোকেই খাতা মূল্যায়ন করা হবে।

এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জিয়াউল হক গতকাল মঙ্গলবার সমকালকে বলেন, ২০১৯ সালের বদলে ২০১৬ সালের প্রশ্নপত্রে পরীক্ষা দিলেও কোনো পরীক্ষার্থীর ক্ষতি হবে না। এসব খাতা 'বিশেষভাবে' মূল্যায়ন করা হবে। তবে ভবিষ্যতে যাতে এ ধরনের

ভুল আর না হয়, সে বিষয়ে সব কেন্দ্র সচিবকে আবারও সতর্ক করা হয়েছে।

তিনি আরও বলেন, ভুল প্রশ্নে পরীক্ষা নেওয়ায় তার বোর্ডের তিন কেন্দ্র সচিবকে শোকজ করা হয়েছে। পাশাপাশি এ বিষয়ে তদন্ত করা হচ্ছে। তদন্ত প্রতিবেদনে কারও বিরুদ্ধে গাফিলতি ও অপরাধের প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে তদন্ত প্রতিবেদনসহ শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ করা হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ